দৈনিক ইত্তেফাক

তারিখ ...23 APR 1990
পৃষ্ঠা... ..7... কলাম ..৫...

১০

২০/

## ক্যাম্পাসে সন্ত্রাস রোধ করিয়া শিক্ষার পরিবেশ সৃষ্টি করুন

— ছাত্রদল

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

জাতীয়তাবাদী ছাত্র দল গত-কাল (রবিবার) কেন্দ্রীয় কার্যা-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### ছাত্রদল

(১ম পৃঃ পর)

লয়ে এক জরুরী সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষাঙ্গনে সন্ত্রাসের মূলোৎপাটন করিয়া শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া আনা এবং ক্যাম্পাসে বহিরাগতদের অনুপ্রবেশ রোধ করার জন্য সকল মহলের প্রতি আহ্বান জানাইয়াছে। সংগঠ-নের কেন্দ্রীয় আহ্বায়ক আমান উল্লাহ আমানের সভাপতিত্বে অনু-ষ্ঠিত এই সভায় স্বৈরাচার পতনের লক্ষ্যে বৃহত্তর ঐক্যবদ্ধ ছাত্র আন্দোলন গড়িয়া তোলার জন্য সকল ছাত্র সংগঠনকে ন্যূনতম কর্মসূচীর ভিত্তিতে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানানো হয়। সভায় আগামী ১৯শে মে শনিবার ঢাকায় দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচিত ছাত্রদল প্রতিনিধিদের সংবর্ধনা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার প্রস্তাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৯ জন ছাত্রনেতার বহিষ্কারাদেশ এবং ১২ জন ছাত্র নেতার বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবী করা হয়। এবং সংগ্রামী ছাত্র জোট ঘোষিত আন্দোলনের সকল কর্মসূচী বাস্ত-বায়ন করার জন্য সংগঠনের সকল ইউনিটের প্রতি আহ্বানজানানো হয়।